রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৮

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ১৩ই অগ্রহায়ণ, ১৩৯৪/৩০শে নভেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৭৯-আইন/৮৭—যেহেতু সরকার মনে করেন যে, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরী জনগণের জীবনযাত্রা নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থাদি অব্যাহত রাখার জন্য অত্যাবশ্যকীয়;

সেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ord. XLI of 1958)-এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীকে এমন চাকুরী হিসাবে ঘোষণা করিতেছেন যেসব চাকুরীর ব্যাপারে উক্ত Ordinance প্রযোজ্য।

নং এস, আর, ও ২৮০-আইন/৮৭—যেহেতু সরকার মনে করেন যে, বাংলাদেশ অয়েল, গ্যাস এন্ড মিনারেল কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর কর্মচারীর চাকুরী জনগণের জীবনযাত্রা নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থাদি অব্যাহত রাখার জন্য অত্যাবশ্যকীয়;

সেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E. P. Ord. No. XLI of 1958)-এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত বাংলাদেশ অয়েল, গ্যাস এন্ড মিনারেল কর্পোরেশনের অধীনস্থ সকল শ্রেণীর চাকুরীকে এমন চাকুরী হিসাবে ঘোষণা করিতেছেন যেসব চাকুরীর ব্যাপারে উক্ত Ordinance প্রযোজ্য।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হেলাল উদ্দিন খান
উপ-সচিব।



মূল্যঃ ৬০ পয়সা

শাখা-১০

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ই অগ্রহায়ণ, ১৩৯৪/৩০শে নভেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৮১-এল/৮৭/শা-১০/নিম্ন-৯/৮৭—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) section 6(1)(a) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ঘোষণা করিলেন যে, "পেট্রোল পাম্প শিল্প" প্রতিষ্ঠানে বিভিন্ন শ্রেণীর শ্রমিকগণের মজুরীর হার নির্ধারণের জন্য উক্ত Ordinance এর section 3 এর অধীন গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক উক্ত Ordinance এর section 5 মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উপরি-উল্লিখিত শ্রমিকগণের নিম্নতম মজুরীর হার হইবেঃ

তফসিল

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা। | | | অন্যান্য এলাকা | | |
|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট মজুরী | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট মজুরী |
| | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) |
| উচ্চতর দক্ষ: | ১১২০ | ৪৭৬ | ১৫৯৬ | ১১২০ | ৩৬৪ | ১৪৮৪ |
| ১। সুপারভাইজার | | | | | | |
| ২। চীফ একাউনটেন্ট | | | | | | |
| দক্ষ—১: | ৮৭২ | ৪০২ | ১২৭৪ | ৮৭২ | ৩১৪ | ১১৮৬ |
| ১। মেকানিক/ফোরম্যান/হেড মিস্ত্রি | | | | | | |
| ২। একাউনটেন্ট/ক্যাশিয়ার | | | | | | |
| ৩। ট্যাংক লরি ড্রাইভার | | | | | | |
| ৪। ইলেকট্রিশিয়ান | | | | | | |
| দক্ষ—২: | ৮০৮ | ৩৮২ | ১১৯০ | ৮০৮ | ৩০২ | ১১১০ |
| ১। সহকারী একাউনটেন্ট/একাউন্ট এসিসটেন্ট | | | | | | |
| ২। কার ড্রাইভার | | | | | | |
| ৩। এসিসটেন্ট ফোরম্যান | | | | | | |
| আধা-দক্ষ: | ৬৪৮ | ৩৩৪ | ৯৮২ | ৬৪৮ | ২৭০ | ৯১৮ |
| ১। পাম্পম্যান/ফিলিং অপারেটর | | | | | | |
| ২। ক্লার্ক | | | | | | |
| ৩। সহকারী মিস্ত্রি | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা। | | | অন্যান্য এলাকা | | |
|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট মজুরী | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট মজুরী |
| | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) | (টাকা) |
| **অংক:** | ৫৬০ | ৩০৮ | ৮৬৮ | ৫৬০ | ২৫২ | ৮১২ |

১। ভিহিক্যাল ক্লিনার/সার্ভিসম্যান/ওয়াশম্যান
২। সিকিউরিটি গার্ড/দারোয়ান
৩। পিয়ন
৪। সুইপার/ক্লিনার
৫। নাইট গার্ড
৬। হেলপার

**বিশেষ দ্রষ্টব্য:** প্রান্তিক ভাতা বলিতে বুঝায়:

| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা। | অন্যান্য এলাকা |
|---|---|---|
| বাড়ী ভাড়া ভাতা .. | মূল মজুরীর ৩০% | মূল মজুরীর ২০% |
| চিকিৎসা ভাতা .. | ১০০ টাকা মাসিক | ১০০ টাকা মাসিক |
| যাতায়াত ভাতা .. | ৪০ টাকা মাসিক | ২০ টাকা মাসিক |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হেলাল উদ্দিন খান
উপ-সচিব।

**বিশেষ দ্রষ্টব্য:** এতদসঙ্গে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, ১৯৮৭ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল:

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## পেট্রোল পাম্প শিল্প প্রতিষ্ঠান
## সুপারিশ, ১৯৮৭

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২৯শে ডিসেম্বর, ১৯৮৫ তারিখের শা১০/এম-২৮/১৫৫ নম্বর পত্র দ্বারা অত্র বোর্ডকে "পেট্রোল পাম্প" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ২১শে আগষ্ট, ১৯৮৬ ইং তারিখের এস, আর, ও ৩৪০-এল/৮৬/শা--দশ/নিম্ন-১/৮৬ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

বোর্ড "পেট্রোল পাম্প" পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন এবং সর্বসম্মতিক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

অতঃপর খসড়া সুপারিশের উপর প্রাপ্ত আপত্তি পর্যালোচনাক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন ঃ

১। "পেট্রোল পাম্প" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ-১, (৩) দক্ষ-২, (৪) আধা-দক্ষ ও (৫) অদক্ষ এই ৫ (পাঁচ) শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-বলা হইয়াছে।

২। বাংলাদেশে অবস্থিত ছোট ও বড় সকল পেট্রোল পাম্প-এর বর্তমান অবস্থার প্রেক্ষিতে ঢাকা-নারায়নগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা এই তিনটি মেট্রোপলিটান এলাকায় অবস্থিত সকল পেট্রোল পাম্প-এ নিয়োজিত শ্রমিকগণ শ্রেণী বিন্যাস অনুযায়ী মূল মজুরীর সহিত বাড়ী ভাড়া ৩০%, চিকিৎসা ভাতা মাসিক ১০০ টাকা ও যাতায়াত ভাতা মাসিক ৪০ টাকা এবং দেশের অন্যান্য স্থানের সকল পেট্রোল পাম্প-এ নিয়োজিত শ্রমিকগণ মূল মজুরীর সহিত বাড়ী ভাড়া ভাতা ২০%, চিকিৎসা ভাতা মাসিক ১০০ টাকা ও যাতায়াত ভাতা মাসিক ২০ টাকা পাইবেন।

৩। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক ও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগ-কারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৫। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৬। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরণ ভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে, যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৮। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল ফ্যাক্টরী আইনে নিয়ন্ত্রিত হইবে।

এ, কে, এম, আজিজুল হক
চেয়ারম্যান।

ডঃ তাহেরুল ইসলাম
নির্দলীয় সদস্য

সৈয়দ তারেক মোঃ আলী
মালিক পক্ষের সদস্য

মকবুল আহমেদ
শ্রমিক পক্ষের সদস্য

কে, এম, নাসিরুল হক
মালিক পক্ষের সদস্য

মোঃ ফজলুর রহমান
শ্রমিক পক্ষের সদস্য

## তফসিল

### "ক" পরিচ্ছেদ

### নিম্নতম মজুরী

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | ঢাকা-নারায়নগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা | | | অন্যান্য এলাকা | | |
|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| **উচ্চতর দক্ষ:** | ১১২০ | ৪৭৬ | ১৫৯৬ | ১১২০ | ৩৬৪ | ১৪৮৪ |
| ১। সুপারভাইজার | | | | | | |
| ২। চীফ একাউন্টেন্ট | | | | | | |
| **দক্ষ-১:** | ৮৭২ | ৪০২ | ১২৭৪ | ৮৭২ | ৩১৪ | ১১৮৬ |
| ১। মেকানিক/ফোরম্যান/ হেড মিস্ত্রি | | | | | | |
| ২। একাউন্টেন্ট/ক্যাশিয়ার | | | | | | |
| ৩। ট্যাংক লরি ড্রাইভার | | | | | | |
| ৪। ইলেকট্রিশিয়ান | | | | | | |
| **দক্ষ-২:** | ৮০৮ | ৩৮২ | ১১৯০ | ৮০৮ | ৩০২ | ১১১০ |
| ১। সহকারী একাউন্টেন্ট/ একাউন্টস এসিসটেন্ট | | | | | | |
| ২। কার ড্রাইভার | | | | | | |
| ৩। এসিসটেন্ট ফোরম্যান | | | | | | |
| **আধা-দক্ষ:** | ৬৪৮ | ৩৩৪ | ৯৮২ | ৬৪৮ | ২৭০ | ৯১৮ |
| ১। পাম্পম্যান/ফিলিং অপারেটর | | | | | | |
| ২। ক্লার্ক | | | | | | |
| ৩। সহকারী মিস্ত্রি | | | | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | ঢাকা-নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা। | | | অন্যান্য এলাকা | | |
|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| **অদক্ষ:** | ৫৬০ | ৩০৮ | ৮৬৮ | ৫৬০ | ২৫২ | ৮১২ |
| ১। ভিহিক্যাল ক্লিনার/সার্ভিসম্যান/ওয়াশম্যান | | | | | | |
| ২। সিকিউরিটি গার্ড/দারোয়ান | | | | | | |
| ৩। পিয়ন | | | | | | |
| ৪। সুইপার/ক্লিনার | | | | | | |
| ৫। নাইট গার্ড | | | | | | |
| ৬। হেলপার | | | | | | |

বি: দ্র:—প্রান্তিক ভাতা বলিতে বুঝায়:

| | | ঢাকা-নারায়ণগঞ্জ, চট্টগ্রাম ও খুলনা মেট্রোপলিটান এলাকা | অন্যান্য এলাকা |
|---|---|---|---|
| বাড়ী ভাড়া ভাতা | .. | মূল মজুরীর ৩০% | মূল মজুরীর ২০% |
| চিকিৎসা ভাতা | .. | ১০০ টাকা মাসিক | ১০০ টাকা মাসিক |
| যাতায়াত ভাতা | .. | ৪০ টাকা মাসিক | ২০ টাকা মাসিক |

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।